

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পর্যাঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯৯.০৪৫.২৩ নথির বিষয়: Repairing and maintenance of delivery water line, delivery bend, delivery sluice valve, wash out line at Donia-1 & 2, Pagla and Alibahar etc. pump under MODS Zone-7, Dhaka WASA

নোট: ১ নোটের বিষয়: Repairing and maintenance of delivery water line, delivery bend, delivery sluice valve, wash out line at Donia-1 & 2, Pagla and Alibahar etc. pump under MODS Zone-7, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৫/৯/২৩ ১২:৪৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিক গুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উভয় পার্শ্বে জনবহুল বিভিন্ন এলাকায় সম্মানিত গ্রাহকদের বিভিন্ন গভীর নলকূপ হতে পানি সরবরাহ করা হয়। উক্ত গভীর নলকূপ হতে পানি উত্তোলন করে ডেলিভারি লাইনের মাধ্যমে সরবরাহ নেটওয়ার্ক এর সংযুক্ত করা হয়েছে। অত্র জোনের দনিয়া, পাগলা, আলিবহর, শ্যামপুর, কদমতলি, রসুলপুর, যাত্রাবাড়ি এলাকায় গভীর নলকূপ সমূহ হতে প্রচুর পরিমাণে আয়রন এবং ডেলিভারি লাইন এর বিভিন্ন ফিটিংস সমূহ দীর্ঘদিনের পুরনো হয়ে যাওয়ায় ফিটিংস সমূহ আংশিক/ সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত/লিকেজ হয়ে পানি পাম্প কম্পাউন্ডে জমা হচ্ছে। এছাড়াও গভীর নলকূপের ডেলিভারি লাইনের স্লুইচ ভাল্ব সমূহ প্রতিনিয়ত অপারেশন করায় স্লুইচ ভাল্ব সমূহের বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। চলমান শুষ্ক মৌসুমে প্রায়শঃই স্থানীয় এলাকাবাসী পানির স্বল্পতা দেখা দিলে প্রাথমিকভাবে বিভিন্ন গভীর নলকূপ এর কম্পাউন্ডে গিয়ে অভিযোগ জানান এবং পাম্প চলমান রয়েছে কিনা তা জানতে চান। পাম্পের ডেলিভারি লাইনের বিভিন্ন ফিটিংস এর ক্ষতিগ্রস্ত অংশ লিকেজ হয়ে পানি পরতে দেখে এলাকাবাসী বিরূপ মন্তব্য করে। এসব লিকেজের কারণে পাম্প কম্পাউন্ডে পানি জমে থাকলে উক্ত জমা পানিতে ডেঙ্গু, চিকুনগিয়া রোগের প্রধান বাহক এডিস ও কিউলেব্রা মশার বংশ বিস্তার হতে পারে। তৎপ্রেক্ষিতে সার্বিক দিক বিবেচনা করে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উত্তর পার্শ্বে বিভিন্ন এলাকায় বিদ্যমান গভীর নলকূপ সমূহের আংশিক/সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত ডেলিভারি লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৫/৯/২৩ ১২:৪৪ অপরাহ্ন

উপরোল্লিখিত কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রোট সিডিউল এবং অত্র জোনের পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-৪)। যাতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ১,৯৯,২৪৮.০৮০ (এক লক্ষ নিরানব্বই হাজার দুই শত আটচল্লিশ দশমিক শূন্য আট) টাকা মাত্র। আলোচ্য কাজটি চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি-১৩.৫০ এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি-১)। উক্ত ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। DoFP অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন মডস সার্কেল-১ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়।

সংযুক্তিসমূহ (৫):

- ১। বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। পূর্বানুমোদিত দর।
- ৩। ক্যালকুলেশন শীট।
- ৪। প্রাক্কলন।
- ৫। প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৫/৯/২৩ ১২:৪৫ অপরাহ্ন

এমতাবস্থায়, “Repairing and maintenance of delivery water line, delivery bend, delivery sluice valve, wash out line at Donia-1 & 2, Pagla and Alibahar etc. pump under MODS Zone-7, Dhaka WASA” শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে:

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

ক) উপস্থাপিত সর্বমোট ১,৯৯,২৪৮.০৮০ (এক লক্ষ নিরানব্বই হাজার দুই শত আটচল্লিশ দশমিক শূন্য আট) টাকা মাত্র প্রাক্কলনের অনুমোদন।

খ) বর্ণিত কাজটি পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের অনুমোদন।

			
২৫/৯/২৩ ১:৩৮ অপরাহ্ন পল সরকার উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭	২৫/৯/২৩ ১:৪২ অপরাহ্ন মোঃ আফজাল হোসেন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	২৫/৯/২৩ ১:৪২ অপরাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭	২৫/৯/২৩ ১:৪২ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৬/৯/২৩ ৮:১১ পূর্বাহ্ন

অনুমোদিত।

			
২৬/৯/২৩ ৮:১১ পূর্বাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	২৬/৯/২৩ ১১:৪০ পূর্বাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭	২৬/৯/২৩ ১১:৪৫ পূর্বাহ্ন মোঃ আফজাল হোসেন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	২৬/৯/২৩ ১১:৪৫ পূর্বাহ্ন পল সরকার উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা